

🗏 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০: ৭৫

া আরবি মূল আয়াত:

অতঃপর তাদের পরে আমি মূসা ও হারূনকে ফিরআউন ও তার পারিষদবর্গের কাছে আমার আয়াতসমূহ দিয়ে পাঠিয়েছি। কিন্তু তারা অহঙ্কার করেছে। আর তারা ছিল অপরাধী কওম। — আল-বায়ান

তাদের পর আমি মূসা ও হারূনকে আমার নিদর্শন সহকারে ফির'আওন ও তার প্রধানদের নিকট পাঠিয়েছিলাম। কিন্তু তারা অহঙ্কার করে, তারা ছিল এক অপরাধী সম্প্রদায়। — তাইসিরুল

অতঃপর আমি তাদের পর মূসা ও হারুনকে আমার মু'জিযা সহকারে ফির'আউন ও তার প্রধানদের নিকট পাঠালাম, অতঃপর তারা অহংকার করল, আর সেই লোকগুলি ছিল পাপাচারীপরায়ণ। — মুজিবুর রহমান

Then We sent after them Moses and Aaron to Pharaoh and his establishment with Our signs, but they behaved arrogantly and were a criminal people — Sahih International

- ৭৫. তারপর আমরা আমাদের নিদর্শনসহ মূসা ও হারূনকে ফিরআউন ও তার সভাষদদের কাছে পাঠাই। কিন্তু তারা অহংকার করে(১) এবং তারা ছিল অপরাধী সম্প্রদায়।(২)
 - (১) অর্থাৎ তারা নিজেদের ক্ষমতার নেশায় মত্ত হয়ে হক গ্রহণ করতে অহংকার করেছিল। [কুরতুবী]
 - (২) অর্থাৎ মুশরিক সম্প্রদায়। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৭৫) অতঃপর আমি তাদের পর মূসা ও হারূনকে[1] আমার নিদর্শনাবলী সহ ফিরআউন ও তার পারিষদবর্গের নিকট পাঠালাম, [2] কিন্তু তারা অহংকার করল, আর তারা ছিল পাপাচারী সম্প্রদায়। [3]
 - [1] এখানে রসূলগণের কথা সাধারণভাবে আলোচনা করার পর মূসা ও হারূনের কথা আলোচনা করা হচ্ছে। অথচ তাঁরাও রসূলগণের বর্ণনায় শামিল। কিন্তু যেহেতু তাঁরা বিশিষ্ট রসূলগণের অন্তর্ভুক্ত, তাই বিশেষভাবে আলাদা করে তাঁদের কথা বর্ণনা করেছেন।

- [2] মূসা (আঃ)-এর এ সকল নিদর্শনাবলী (মু'জিযা) প্রসিদ্ধ আছে, বিশেষ করে ন'টি স্পষ্ট নিদর্শন, যা সূরা বানী ইস্রাঈলের ১০১নং আয়াতে বর্ণনা করেছেন।
- [3] অর্থাৎ, যেহেতু তারা বড় বড় অপরাধ ও পাপকর্মে অভ্যাসী ছিল, যার কারণে তারা আল্লাহর প্রেরিত রাসূলকেও অহংকার প্রদর্শন করল। কারণ এক পাপ অন্য পাপকে আকর্ষণ করে এবং পাপের উপর অটল থাকলে, বড় বড় পাপকর্ম সাধনে সাহস যোগায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1439

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন